

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১১৮-আইন/২০১৫/৭২৪-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার -

(১) বিধি ১২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) মালিকানা হস্তান্তরের ক্ষেত্রে ব্যতীত, কোনো নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন করিবার প্রয়োজন হইলে তাহাকে উক্ত পরিবর্তনের অন্তর্গত ১৪ (চৌদ্দ) কার্যদিবস পূর্বে, বকেয়া মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা টার্নওভার কর বা অন্যান্য পাওনা পরিশোধক্রমে, তিনশত টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প দায়-দেনা পরিশোধের একটি অঙ্গীকারনামাসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে বা, প্রয়োজ্য ক্ষেত্রে, কার্যালয়সমূহে ফরম “মূসক-৯” অনুসারে আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত পাওনার বিষয়ে কোন মামলা বিচারাধীন থাকিলে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট করের তথ্য এবং মামলার সর্বশেষ অবস্থার বিষয়ে দালিলিক প্রমাণাদি আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।”;

(২) বিধি ১৮ক এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (ঘ) এ উল্লিখিত “বা” শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঙ) এর প্রাপ্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নতুন দফা (চ) সংযোজিত হইবে, যথা:-

“(চ) ১ (এক) কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান।”;

(৩) বিধি ১৯ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত “এবং সংশ্লিষ্ট করমেয়াদ সমাপ্তির পর উক্ত করমেয়াদে অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই করমেয়াদে রপ্তানি বাবদ প্রত্যর্পণযোগ্য কর প্রদেয় কর অপেক্ষা কম হইলে” শব্দগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনীর পরিবর্তে “এবং সংশ্লিষ্ট করমেয়াদ সমাপ্তির পর উক্ত করমেয়াদে অথবা পরবর্তী পাঁচ করমেয়াদে রপ্তানি বাবদ প্রত্যর্পণযোগ্য কর প্রদেয় কর অপেক্ষা কম হইলে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

- (8) বিধি ৩২ক এর দফা (ঘ) এ উল্লিখিত “একশত পঞ্চাশ” শব্দগুলির পরিবর্তে “তিনশত” শব্দ প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)  
চেয়ারম্যান